

18

শিক্ষা প্রসারে বেসরকারী উদ্যোগ চাই : খালেদা

# বেসরকারী মহিলা মেডিক্যাল কলেজ উদ্বোধন

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেছেন যে গণতন্ত্রের সাফল্যের জন্য জনগণকে তাদের স্ব স্ব ক্ষেত্রে ভূমিকা পালনে সচেতন করে তোলাই সরকারের বেসরকারীকরণ কর্মসূচীর লক্ষ্য। স্ববর বাসসর।

উত্তরা মডেল টাউনে মহিলাদের জন্য একটি মেডিক্যাল কলেজ ও হাসপাতালের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বৃহস্পতিবার এ কথা বলেন। মেডিক্যাল গ্র্যান্ড হেলথ ওয়েলফেয়ার ট্রাস্ট নামে একটি বেসরকারী সংগঠনের উদ্যোগে কলেজটি প্রতিষ্ঠিত হয়েছে।

প্রধানমন্ত্রী আরো বলেন যে সব কিছুর জন্যই সরকারের সাহায্যের মুগ্ধাপেক্ষী হয়ে থাকা কোন স্বাধীন দেশের মনোভাব

হতে পারে না। জনগণ যখন উন্নয়নে নিজেদের যথার্থ ভূমিকা পালনে সচেতন হবে তখনই স্বাধীন দেশ হিসাবে একটি জাতীর পরিচয় অর্ধবহ হবে বলেও তিনি উল্লেখ করেন।

বেগম জিয়া বলেন যে সরকার দেশের উন্নয়ন কর্মকাণ্ডে মহিলা সমাজকে সংশ্লিষ্ট করতে চায় বলেই মহিলাদের শিক্ষার প্রতি জোর দিয়েছেন। তিনি আরো বলেন, সরকার বিভিন্ন উন্নয়ন কর্মকাণ্ডে গ্রামাঞ্চলের দুঃস্থ মহিলাদের নিয়োগ করছেন এবং তারা এক বিরাট শ্রমশক্তি। প্রধানমন্ত্রী বলেন, দেশকে শক্তিশালী ও উৎপাদনশীল একটি জাতি হিসাবে গড়ে তোলার লক্ষ্যে আমরা দারিদ্র্য দূরীকরণ, শিক্ষা ও স্বাস্থ্য পরিচর্যার প্রসারেরও আমরা (আটের পাতায় ৩-এর কঃ দঃ)

(প্রথম পৃষ্ঠার পর)

## বেসরকারী মহিলা মেডিক্যাল কলেজ উদ্বোধন

গুরুত্ব দিয়েছি। আমাদের ঘোষিত নীতি হচ্ছে মানব সম্পদের উন্নয়ন।

মেডিক্যাল কলেজটি প্রতিষ্ঠাতাদের ধন্যবাদ জানিয়ে প্রধানমন্ত্রী আশা প্রকাশ করেন যে এই কলেজটি মহিলা চিকিৎসকদের অভাব পূরণ ও দেশে মহিলাদের স্বাস্থ্য পরিচর্যা সার্ভিস সম্প্রসারণের ক্ষেত্রে সহায়তা করবে। তিনি আরো বলেন যে স্বাস্থ্য শিক্ষাসহ শিক্ষা প্রসারে সব বেসরকারী উদ্যোগকে

সরকার সাগত জানাবে।

অনুষ্ঠানে জাতীয় সংসদের উপনেতা ও ট্রাস্টটির চেয়ারম্যান প্রফেসর এ কিউ এম বদরুন্নেজা চৌধুরী, শিক্ষামন্ত্রী জামির উদ্দিন সরকার, স্বাস্থ্য প্রতিমন্ত্রী সিরাজুল হক, স্থানীয় সংসদ সদস্য কামরুল ইসলাম, স্বাস্থ্য কল্যাণ কেন্দ্রের নির্বাহী চেয়ারম্যান প্রফেসর এম আর খান ও প্রফেসর সুরাইয়া জাবীন ও বক্তব্য রাখেন।